

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
www.tmed.gov.bd

নং-৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২২.২০১৫-১০৫

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৬  
১১ জুলাই, ২০১৯

**বিষয় : চাঁদপুর টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ প্রকৌ: মো: সিরাজুল ইসলাম-কে বকেয়া বাসা ভাড়া পরিশোধ না করায় DTE কর্তৃক উত্থাপিত ১৬,৬০,৮৭৫/- আপত্তি বিষয়ে TMED এর নির্দেশনা।**

সূত্র :	১। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০০১.১৮.৩২৭.১৬/৭৭১,	তারিখ: ২৩/১০/১৬।
	২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৭.০৪.০০৭.১৭.১৬০,	তারিখ: ২৭/০৬/১৮
	৩। কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৩৭.০৩.০০০০.০২৪.৪৫.০০১.১৮.৮৭২,	তারিখ: ১৬/০৭/১৮।
	৪। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের স্মারক নং-ঢাপই/বা:বরাদ্দ/১৩২১,	তারিখ: ০৬/০৯/১৮।
	৫। ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটের স্মারক নং-ঢাপই/বা:বরাদ্দ/১০৫,	তারিখ: ২০/০১/১৯।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত ১ নং স্মারকের মাধ্যমে চাঁদপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ প্রকৌ: মো: সিরাজুল ইসলাম ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে জুনিয়র ইনস্ট্রাক্টর (টেক/মেকানিক্যাল) হিসেবে কর্মরত (০১/০৪/২০০৭ থেকে ৩০/০৪/২০০৭ খ্রি: তারিখ পর্যন্ত) থাকাকালীন তীর প্রকৌ: মো: সিরাজুল ইসলাম) বিরুদ্ধে (বাসা ভাড়া পরিশোধ না করায়) ১৬,৬০,৮৭৫/- (ষোল লক্ষ ষাট হাজার আটশত পঁচাত্তর) টাকার আপত্তি DTE কর্তৃক উত্থাপিত হয়েছে।

২। অন্যদিকে সূত্রে বর্ণিত ২ নং স্মারকের মাধ্যমে প্রকৌ: মো: সিরাজুল ইসলাম এর নিকট বকেয়া বাসা ভাড়া বাবদ কোন টাকা পাওনা (অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর মতামতের আলোকে) নেই মর্মে TMED হতে মতামত ব্যক্ত করা হয়েছে।

৩। অপরদিকে TMED মতামতের বিষয়টি সূত্রে বর্ণিত ৩ নং স্মারকের মাধ্যমে DTE কর্তৃক Endorse করা হয়েছে।

৪। এখানে উল্লেখ্য যে, সূত্রে বর্ণিত ৪ ও ৫ নং স্মারকের আলোকে প্রকৌ: মো: সিরাজুল ইসলাম এর নিকট বকেয়া ভাড়া দাবীকারী প্রতিষ্ঠান তথা ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ কর্তৃক প্রকৌ: মো: সিরাজুল ইসলাম এর নিকট বকেয়া ভাড়া বাবদ কোন টাকা পাওনা নেই মর্মে উল্লেখপূর্বক দায়মুক্তির সনদ প্রদান করা হয়েছে।

৫। যেহেতু বকেয়া দাবীকারী প্রতিষ্ঠান ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যক্ষ কর্তৃক প্রকৌ: মো: সিরাজুল ইসলাম এর অনুকূলে (কোন বকেয়া পাওনা নেই মর্মে উল্লেখপূর্বক) দায়মুক্তি সনদ প্রদান করা হয়েছে এবং উক্ত দায়মুক্তি সনদের সাথে TMED এবং DTE কর্তৃক একমত পোষণ করা হয়েছে সেহেতু প্রকৌ: মো: সিরাজুল ইসলাম-কে বকেয়া বাসা ভাড়া পাওনা সংক্রান্ত ১৬,৬০,৮৭৫/- (ষোল লক্ষ ষাট হাজার আটশত পঁচাত্তর) টাকার দায় হতে অব্যাহতি প্রদান প্রয়োজন।

৬। সে সাথে DTE এর প্রতিবেদনের আলোকে প্রকৌ: মো: সিরাজুল ইসলাম কর্তৃক বাসা ভাড়া পরিশোধ না হওয়া সংক্রান্ত যে আপত্তি উত্থাপিত হয়েছে সে আপত্তি বিষয়ে বর্তমান আঞ্জিকে (দায়মুক্তি দেওয়ার প্রেক্ষিতে) কিছু করণীয় রয়েছে কিনা সে মর্মে DG, DTE-এর মতামত প্রয়োজন।

৭। এমতাবস্থায়, প্রকৌ: মো: সিরাজুল ইসলাম এর অনুকূলে প্রদত্ত দায়মুক্তি বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করার জন্য এবং DTE এর উপরিউক্ত তদন্ত প্রতিবেদনের উপর কিছু করণীয় রয়েছে কিনা সে বিষয়ে মতামত (আগামী ২২.০৭.২০১৯ খ্রি: তারিখের মধ্যে) TMED-তে প্রেরণের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Sdr:

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)  
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
আগারগাঁও, ঢাকা।

নং-৩৭.০১.৩০৮০.১৮৭.১৪.২২.২০১৫-১০৫

তারিখ: ২৭ আষাঢ়, ১৪২৬  
১১ জুলাই, ২০১৯

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. প্রকৌ: মো: সিরাজুল ইসলাম, অধ্যক্ষ, চাঁদপুর টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ, চাঁদপুর।
৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭-৮. অফিস কপি/ মাষ্টার কপি।

(নূরজাহান বেগম)  
সিনিয়র সহকারী সচিব (অডিট)